রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী নং-১৯, রোড নং-১/বি
সেক্টর-০৯, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের আগস্ট , ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মো: সেলিম ভুঁইয়া ইনোভশেন অফসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল),রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
সভার তারিখ	:	২৯.০৮.২০২১ খ্রিঃ
সভার সময়	:	বেলা ৪.৩০ ঘটিকা
সভার স্থান	:	অনলাইন ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি	:	আরপিসিএল এর ইনোভেশন টিম ও আইডিয়া প্রদানকারী সকল কর্মকর্তাবৃন্দ

সভাপতি Zoom Cloud Meeting Link এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করনে। সভায় ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা ও করনীয় এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়ঃ

পর্ব-০১ : ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা

উদ্ভাবনী ধারণাঃ

ক্রঃ	অফিস নাম	সেবার নাম	উদ্ভাবকের নাম	অর্থবছর	বর্তমান অবস্থা ও করনীয়
১।	এমপিএস	চলমান সিঁড়ি	সাদ মুহাঃ সাবের (নির্বাহী প্রকৌশলী)	২০২০-২১	২৫ ফুট উচ্চ পাটাতন বিশিষ্ট সিড়িটি বর্তমানে প্ল্যান্টের বিভিন্ন লাইট মেরামত ও প্রতিস্থাপন করা হয় যা পূর্বে ক্রেন ব্যবহার করা হত। সেবাটি চলমান রয়েছে।
২।	এমপিএস	SIPOS পাওয়ার র্কাড রিপেয়ার করণ	মোঃ রুহুল আমিন (সহকারী প্রকৌশলী)	২০২০-২১	আইডিয়াটি বাস্তবায়নের ফলে নতুন করে পাওয়ার র্কাড ক্রয় করতে হচ্ছেনা যা পূর্বে প্রতিটার জন্য খরচ হত ২,৫০,০০০/= টাকা। ২০২০-২১ সালে এমপিএস হতে ২০টি কার্ডের মেরামত করে ব্যবহার করা হয়েছে। প্রতিটি কার্ডের মেরামত খরচ মাত্র ২০০০/=টাকা।
৩।	এমপিএস	স্বয়ংক্রিয়ভাবে সোলার প্যানেল পরিস্কার করণ	লিটন কুমার দাস, সহকারী প্রকৌশলী	২০১৯-২০	নিজস্ব লোকবল ও প্রকৌশল জ্ঞান ব্যবহার করে একটি স্বয়ংক্রিয় পরিষ্কারকরন যন্ত্র তৈরীকরনের মাধ্যমে সৌরবিদ্যুতের উৎপাদন বৃদ্ধি ও কর্মঘন্টা সাশ্রয় হয়েছে। যন্ত্রটি স্বয়ংক্রিয় হওয়ায় কোন লোকবল প্রয়োজন হচ্ছে না।আইডিয়াটি বৃহৎ পরিসরে ব্যবহার যায় কিনা তার ডিটেইল স্টাডির নির্দেশনা প্রদান করা হয়।
৪।	এমপিএস	করলে জ্ঞান বিতরন হবে দেশের উন্নয়ন	সাদ মুহাঃ সাবের (নির্বাহী প্রকৌশলী)	২০১৮-১৯	ভিডিওসমূহ আরপিসিএল এর ইউটিউবে আপলোড রয়েছে। এর মধ্যে Control Valve Calibration Video টি ২১৯৯ বার ভিউ রয়েছে। এরুপ আরও গুরুত্বপূর্ন ভিডিও বানিয়ে ইউটিউবে আপলোড করা যেতে পারে।
৫।	সদর দপ্তর	অ্যাপসের মাধ্যমে স্মার্ট অফিস ব্যবস্থাপনা	মোঃ জিল্লুর রহমান ব্যবস্থাপক(আইসিটি)	২০১৯-২০	স্মার্ট অফিস অ্যাপসটি চালু রয়েছে। বর্তমানে অ্যাপসটিতে ০৭.০১.২০১৯ তারিখ হতে এ পর্যন্ত ২৫টি স্টাফ সভার সকল কার্যবিবরনী আপ্লোড রয়েছে। এছাড়াও দৈনিক জেনারেশন ডাটা ও কর্মকর্তাদের তালিকা রয়েছে। দৈনিক জেনারেশন ডাটা প্ল্যান্ট থেকে হালনাগাদ করা হয় যা অ্যাপসে পাওয়া যায়। বিভিন্ন গুরুত্বপূর্ন সকল ডকুমেন্ট অ্যাপসে আপলোডের ব্যবস্থা করতে হবে।
৬।	সদর দপ্তর	সেলফ এসেসমেন্ট এন্ড ট্রেনিং ইভ্যালুয়েশন	শহীদুল ইসলাম (উপ-বিভাগীয় প্রকৌশলী)	২০১৮-১৯	সেলফ এসেসমেন্ট এন্ড ট্রেনিং ইভ্যালুয়েশন সেবাটি বর্তমানে বহুল ব্যবহৃত গুগল ফর্ম এর মধ্যমে প্রদানের জন্য একটি কাষ্টমাইজ টেমপ্লেট প্রস্তুত রয়েছে যেখানে অতি অল্প সময়ে ইভ্যালুয়েশন সম্পন্ন করা সম্ভব। তবে আরপিসিএল হতে নিয়মমিত ট্রেনিং ইভ্যালুয়েশন চালু না থাকায় সেবাটি ব্যবহার করা হয়না।প্রতিটি ট্রেনিং শেষে নুন্যতম ৫টি প্রশ্নের মাধ্যমে ইভ্যালুয়েশন চালু করার জন্য ট্রেনিং সেলকে নির্দেশনা প্রদান করা হয়।
৭।	রাউজান পাওয়ার প্লান্ট	স্বচ্ছ ফাইবার টিন ব্যবহার করি, বিদ্যুৎ সাশ্রয় করি।	আরিফুজ্জামান টিপু (উপ-বিভাগীয় প্রকৌশলী)	২০২০-২১	আরপিসিএল-রাউজান পাওয়ার প্লান্টের ইঞ্জিনহলের ছাদে জানুয়ারী-২০২১ সালে স্বচ্ছ ফাইবার টিন স্থাপন করা হয়।উক্ত সময় থেকে অদ্যবধি দিনের বেলায় ইঞ্জিনহলে কোন লাইট না জ্বালিয়ে সূর্যের আলো ব্যবহার করে আলোকিত করা হচ্ছে।এতে প্রতিবছর বিদ্যুৎ সাশ্রয় হবে =১,২৬,৭২০/= টাকা। উক্ত আইডিয়াটি সফলভাবে বাস্তবায়িত এবং ভাল ফলাফল পাওয়া যাচ্ছে, যা অন্য প্লান্টে ও বাস্তবায়ন যোগ্য।

৮।	রাউজান পাওয়ার প্লান্ট	ক্যামিকেল মিশ্রিত DM Water পূনঃ ব্যবহার	মোঃ মাইনুদ্দিন (উপ- সহকারী প্রকৌশলী)	২০২০-২১	উক্ত আইডিয়াটি আরপিসিএল-রাউজান পাওয়ার প্লান্টের একটি ইঞ্জিনে জানুয়ারী-২০২১ সালে সফলভাবে স্থাপন করা হয়েছে।বর্তমানে কোন ধরনের সমস্যা ছাড়া উক্ত ইঞ্জিনে চলছে এবং ক্যামিকেল মিশ্রিত DM Water এর পূনঃ ব্যবহার সম্ভব হচ্ছে।পর্যায়ক্রমে অন্য ইঞ্জিনগুলোতে উক্ত আইডিয়াটি বাস্তবায়ন করা হবে।
৯।	রাউজান পাওয়ার প্লান্ট	এইচএফও বিদ্যুৎ কেন্দ্রের ফ্লাশিং অয়েল পূনঃ ব্যবহারের মাধ্যমে জ্বালানী তেলের সাশ্রয় করন।	হাবিবুর রহমান (উপ- সহকারী প্রকৌশলী)	২০১৯-২০	এইচএফও বিদ্যুৎ কেন্দ্রের ফ্লাশিং অয়েল পূনঃ ব্যবহারের মাধ্যমে জ্বালানী তেলের সাশ্রয় করনের জন্য উক্ত আইডিয়াটি ২০১৯ সালে বাস্তবায়ন করা হয়।বর্তমানে এটি সফলভাবে কোন ধরনের সমস্যা ছাড়া চলছে।এতে ৪০% প্লান্ট ফ্যাক্টর ধরে প্রতিদিন প্রায় ৪০ লিটার জ্বালানী তেল সাশ্রয় হচ্ছে।
ডিজিটাল সেবাঃ					
১।	সদর দপ্তর	সেবা গ্রহীতাদের মতামত প্রদান সফটওয়্যার	মোঃ সারোয়ার জাহান সহকারী ব্যবস্থাপক (আইসিটি)	২০১৯-২০	১৭.০৮.২০২১ ইং তারিখ পর্যন্ত ৩১২ জন মতামত প্রদান করেছেন।সদর দপ্তরে টাচিং ডিসপ্লে করোনা মহামারীর কারনে বন্ধ থাকলেও অনলাইনে ওয়েব সাইটের মাধ্যমে একই সিস্টেমে মতামত প্রদান চালু আছে। বিষয়টি ষ্টেকহোল্ডার সভায় সকলকে অবহিত করা হয়।
২।	সদর দপ্তর	শ্রমিক কল্যান তহবিল ব্যবস্থাপনা	মোঃ সারোয়ার জাহান সহকারী ব্যবস্থাপক (আইসিটি)	২০২০-২১	শ্রমিক কল্যান তহবিল ব্যবস্থাপনা সেবাটি প্রস্তুত রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরের সকল ডাটা আপলোড করা হয়েছে।বাকি ডাটা ডাটাসমূহ আপ্লোডের কার্যক্রম চলমান। অবশিষ্ট কাজ আগামী এক মাসের মধ্যে শেষ করার নির্দেশনা প্রদান করা হয়।
৩।	সদর দপ্তর	ইনভেন্ট্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার	মোঃ সারোয়ার জাহান সহকারী ব্যবস্থাপক (আইসিটি)	২০১৮-১৯	ইনভেন্ট্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার আরপিসিএল এর নিজস্ব সার্ভারে চালু রয়েছে যা চারটা বিদ্যুৎ কেন্দ্র হতে নিয়মিত ব্যাবহার করা হয় । সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠান সিস্টেম রিসোর্স লিমিটেডের সাথে ০২.০৩.২০২২ ইং পর্যন্ত মেইনটেন্যান্স চুক্তি রয়েছে।
SIP:					
১।	গাজীপুর ৫২ মেঃ ওঃ পাওয়ার প্লান্ট	গাজীপুর ৫২ মেঃওঃ এবং গাজীপুর ১০৫ মেঃওঃ পাওয়ার প্লান্টের মধ্যবর্তী সংযোগ Condensate water Return line নির্মাণ	মোহাম্মদ জাহাঙ্গীর আলম মজুমদার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	২০২০-২১	আইডিয়াটির ১০০% কাজ নিজস্ব জনবল দ্বারা সম্পন্ন করা হয়েছে। Boiler Feed Water Tank এ Make up water বর্তমানের তুলনায় কম লাগাতে Water treatment plant কম চলে।ফলে পরিবেশ দূষন ও পানির অপচয় কম হচ্ছে।
২।	গাজীপুর ১০৫ মেঃ ওঃ পাওয়ার প্লান্ট	প্লান্টের HFO Storage Tank এর Drain line modification	মোহাম্মদ জাহাঙ্গীর আলম মজুমদার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	২০২০-২১	১০০% কাজ নিজস্ব জনবল দ্বারা সম্পন্ন করা হয়েছে। HFO মিশ্রিত পানি চারদিকে ছড়িয়ে না পড়ার কারণে পরিবেশ দূষিত হচ্ছেনা। ফলে প্রান্টের নিরাপত্তা ও সেইফটি রক্ষিত হচ্ছে।
সেবা সহজিকরন :					
৩।	এমপিএস	জিরো পেপার ও ডিজিটাল সাইন	সাদ মুহাঃ সাবের (নির্বাহী প্রকৌশলী)	২০২০-২১	বর্তমানে ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের দাপ্তরিক বিভিন্ন কাজে ডিজিটাল সাইন ব্যবহার করা হচ্ছে । ফলে কাগজের সাশ্রয় হয়েছে। অন্যান্য অফিস সমুহে সার্ভিসটি চালু বিষয়ে সংশ্লিষ্ট উদ্ভাবক ও আইসিটি সেলকে নির্দেশনা প্রদান করা হয়।

পর্ব-০২ : ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন

ক্র.	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী কর্মকর্তা
১	আইডিয়া আহবান	২০২১-২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রতিটি অফিস হতে আইডিয়া আহবান করতঃ ৩টি আইডিয়া (উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরন/ডিজিটাল সেবা) বাছাই করে সদর দপ্তরে প্রেরন করবেন। প্রাপ্ত আইডিয়া হতে ৫টি আইডিয়া চূড়ান্ত করে বাস্তবায়ন করা হবে।	প্রতিটি অফিস হতে মোট ৩টি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরন/ ডিজিটাল সেবা ২৫.০৯.২০২১ ইং তারিখের মধ্য সদর দপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	সংশ্লিষ্ট প্ল্যান্ট ইনচার্জ ও নির্বাহী পরিচালক (প্রকৌশল),
২	প্রশিক্ষণ আয়োজন	সঠিকভাবে উদ্ভাবনী আইডিয়া গ্রহন ও বাস্তবায়নের নিমিত্ত একটি প্রশিক্ষন আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়।	আলোচান্তে, আগামী ২০.০৯.২১ ইং তারিখের মধ্যে একটি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ট্রিনিং সেল, আরপিসিএল
৩	বাজেট অনুমোদন	গত সভায় উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দ ১৫ লাখ করার বাজেট অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। বরাদ্দকৃত অর্থ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে ব্যয় করা হবে।	প্রস্তাবকৃত অর্থ নথিতে উপস্থাপন করতঃ অনুমোদনের সিদ্ধান্ত হয় ।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
৪	কমিটি পূনর্গঠন	আরপিসিএল এর সদর দপ্তরসহ সকল বিদ্যুৎ কেন্দ্রে ইনোভেশন কমিটি রয়েছে। বদলি জনিত বা অন্য যেকোন কারনে বর্তমান কমিটি নীতিমালা অনুযায়ী পূনর্গঠনের দপ্তরাদেশ জারী করা যেতে পারে।	নীতিমালা অনুযায়ী ৩-৬ জন কর্মকর্তার সমন্বয়ে কমিটি পূনর্গঠন করে দপ্তরাদেশ জারী ও ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট প্ল্যান্ট ইনচার্জ ও সহকারী ব্যবস্থাপক (আইসিটি)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৮/২১

(মো: সেলিম ভুঁইয়া)

ইনোভেশন অফিসার

ও

নির্বাহী পরিচালক (প্রকৌশল)

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড